This Question Paper consists of 30 questions and 7 printed pages.

Roll No. | | | | | | | | | | | | | Code No. **49/S/O/B**

Set **A**

# BENGALI
# (বাংলা)
# (203)

Day and Date of Examination ____________________

Signature of Invigilators 1. ____________________

2. ____________________

**সাধারণ নির্দেশিকা -**

1. পরিক্ষার্থী প্রশ্নপত্রের প্রথম পৃষ্ঠায় অবশ্যই তার নাম রোল নং লিখিবেন।
2. প্রশ্নপুস্তিকার প্রথম পৃষ্ঠার উপরে ছাপা প্রশ্ন সংখ্যা ও প্রশ্নপত্রের পৃষ্ঠার সংখ্যার সঙ্গে আপনার প্রশ্নপত্রের সংখ্যা মিলিয়ে নিন। প্রশ্নাবলি পরপর আছে কিনা তাও লিখিয়ে নিন।
3. বিষয়মূলক (Objective type) প্রশ্নগুলির উত্তর দেওয়ার জন্য A, B, C, এবং D এর যে কোনো একটি সঠিক বিকল্পকে বেছে নিয়ে আপনাকে দেওয়া পৃথক উত্তর পুস্তিকায় সেটি নির্দেশিত করুন।
4. সবগুলি প্রশ্নের উত্তর নির্ধারিত সময়ের মধ্যেই দিতে হবে।
5. নির্দিষ্ট স্থান ছাড়া অন্যস্থানে পরিচয়জ্ঞাপন চিহ্ন দিলে অথবা রোল নাম্বার লিখলে পরীক্ষার্থী অযোগ্য বিবেচিত হতে পারেন।
6. উত্তর পুস্তিকায় প্রশ্নপুস্তিকার Code No. **49/S/O/B** লিখুন।

# BENGALI

# (বাংলা)

# (203)

সময় : **3** ঘণ্টা ] [ পূর্ণমান : **100**

**নির্দেশ :**

**1.** সমস্ত প্রশ্ন বাধ্যতামূলক। প্রতিটি প্রশ্নের সঙ্গে নাম্বার দেওয়া আছে।

**2.** Q.No. **1** to **20** বহুমুখী প্রশ্ন, প্রতিটি প্রশ্নের সঙ্গে **4** টি সম্ভাব্য উত্তর দেওয়া আছে, ঠিক উত্তরটি বেছে লিখতে হবে। প্রতিটি প্রশ্নের মান 1 (one)।

**1.** জন্মভূমি আজ কবিতা অনুযায়ী -- যে মানুষ গান গাইতে জানে না যখন প্রলয় আসে, সে - **1**

(A) আনন্দে নৃত্য করে (B) দুহাতে মুখ ঢাকে

(C) অন্ধ ও বধির হয়ে যায় (D) হঠাৎ গান গেয়ে ওঠে।

**2.** চোট্টি মুণ্ডা এবং তার তীর গল্পে চোট্টি মেলাতে আদিবাসীরা আসে - **1**

(A) দশ-বারোটি গ্রাম থেকে (B) পঁচিশ-তিরিশটি গ্রাম থেকে

(C) দু-তিনটি গ্রাম থেকে (D) প্রায় চল্লিশটি গ্রাম থেকে

**3.** ছোঁওয়াছুঁয়ি মন্ত্রতন্ত্র নাটিকায় 'আমরা সনাতন কাল থেকে কেবল তামা পেতলের কাজ করে আসছি।' --এই উক্তিটি - **1**

(A) মহাপঞ্চকের (B) উপাধ্যায়ের

(C) দ্বিতীয় শোণ পাংশুর (D) পঞ্চকের।

**4.** ওরা কাজ করে কবিতায় 'মহাশূন্যের পথে' কবির চোখে পড়ে - **1**

(A) উজ্জ্বল নক্ষত্রলোক (B) ছায়া আঁকা ছবি

(C) রঙিন রামধনু (D) আলোকের ঝর্ণাধারা

5. রেকর্ড গল্পে আইভি লেখকের কেনা রেকর্ড শুনে বলেছিল - **1**

(A) ফিউন্যারাল সং (B) প্রেয়ার সং

(C) ফোক সং (D) কমিউনিটি সং

6. মিলনের কথা প্রবন্ধ অনুযায়ী রহিম শেখ ও শ্রীহরি মণ্ডল ঘটা করে খাওয়াদাওয়ার আয়োজন করে- **1**

(A) বর্ষার সময় (B) পাট ও ধানের মৌসমে

(C) সর্ষে ও তিসির মৌসমে (D) ছোলা-মটরের মৌসমে

7. ভারতীয় সংস্কৃতির ধারা প্রবন্ধ অনুযায়ী সভ্যতার সঙ্গে সঙ্গে বিবর্তিত হয় - **1**

(A) মানুষের আহারেরও (B) মানুষের যানবাহনেরও

(C) সংস্কৃতিরও (D) সময়নীতিরও

8. দাঁড়াও কবিতা অনুযায়ী ‘এসে দাঁড়াও, ভেসে দাঁড়াও এবং ...’ - **1**

(A) কাছে দাঁড়াও (B) ভালোবেসে দাঁড়াও

(C) হাত ধরে দাঁড়াও (D) পাশে দাঁড়াও

9. ছাড়পত্র কবিতায় কবি যে নতুন চিঠি পেয়েছেন, তা - **1**

(A) বিগত যুগের (B) বৌদ্ধ যুগের (C) নবাবি আমলের (D) আসন্ন যুগের

10. পিয়ানোর গান কবিতা অনুযায়ী চুল তার - **1**

(A) মেঘ রং (B) ঘন কালো (C) মাথাভরা (D) মিশ্‌মিশ্‌

11. লালু গল্পে লালু লাফ দিয়ে অগ্রসর হয়েছিল - **1**

(A) রান্নাঘরের দিকে (B) ঢুলিদের দিকে

(C) ঠাকুরঘরের দিকে (D) পদর দরজার দিকে

12. শুধু ভাঙা নয় কবিতা অনুযায়ী ‘ক্রমাগত চোখ রাঙিয়ে রাঙিয়ে যারা হয়ে গেছে’- **1**

(A) ক্ষিপ্ত (B) উন্মাদ (C) ক্লান্ত (D) অন্ধ

13. ধ্বংস গল্পে পিয়ের শোপ্যাঁর বাড়িটি মধুমাখা ছিল - 1

(A) দামি পর্দার জন্যে (B) সেবায় শান্তিতে

(C) ফুলের গন্ধে (D) মৌচাকের জন্যে

14. কাণ্ডারী হুশিয়ার কবিতা অনুযায়ী 'কে আছে জোয়ান, হও আগুয়ান, হাঁকিছে' - 1

(A) যাত্রীদল (B) মাল্লাগণ (C) দেশসেবক (D) ভবিষ্যৎ

15. জলসত্র গল্পে তারাচাঁদ তার পিপাসার্ত বোনকে জল খাওয়াতে চেয়েছিল - 1

(A) নবাবগঞ্জের কুমোর পাড়ায় (B) বৈকুণ্ঠপুরের তাঁতিপাড়ায়

(C) রতনপুরের কৈবর্ত পাড়ায় (D) ঘুমড়ির বামুন পাড়ায়

16. রঙ্গভূমির প্রতি কবিতা অনুযায়ী কোথায় পড়লে মক্ষিকাও গলে না - 1

(A) লবণহ্রদে (B) মধুর পাত্রে (C) পুরীর সমুদ্রে (D) অমৃত হ্রদে

17. অবাক জলপান নাটিকায় ছোকরার চোখে ছিল - 1

(A) রোদ চশমা (B) সোনার চশমা

(C) সেলুলয়েডের চশমা (D) স্টিলের চশমা

18. বাংলার মুখ আমি দেখিয়েছি কবিতায় বেহুলা নরম গান শুনেছিল - 1

(A) ময়নার (B) দোয়েলের (C) তিতিরের (D) শ্যামার

19. মাদাম কুরি প্রবন্ধ অনুযায়ী পিয়েরের তিরোভাব ঘটেছে - 1

(A) হার্ট অ্যাটাকে (B) নিউমোনিয়ায়

(C) মস্তিষ্কে রক্তক্ষরণে (D) নিদারুণ দুর্ঘটনায়

20. জলসত্র গল্পে জলসত্রের প্রতিষ্ঠাতা - 1

(A) শ্রীমন্ত বিশ্বাস (B) আমডোবের জমিদার

(C) তারাচাঁদ বিশ্বাস (D) রতনপুরের গৌর সাহা

[ **21** ক- **21** চ প্রশ্নগুলির উত্তর **10-12** টি শব্দে দিতে হবে। ]

**21.** (ক) লালু গল্পে বলিদানের সময় মনোহর চাটুজ্জে কী করছিলেন ? **1**

(খ) কাণ্ডারী হুশিয়ার কবিতায় নৌ-যাত্রীদের অবস্থা কী রকম ? **1**

(গ) মাদাম কুরি প্রবন্ধ অনুযায়ী কুরি-দম্পতির কোন কাজ বিশ্বকে চমৎকৃত করেছে ? **1**

(ঘ) অবাক জলপান নাটিকা অনুযায়ী রাসায়নিক প্রক্রিয়ায় জলকে বিশ্লেষণ করলে কী হয় ? **1**

(ঙ) মিলনের কথা প্রবন্ধে লেখক তরুণ বন্ধুদের কোন্ কথাটি স্মরণ করিয়ে দিতে চান ? **1**

(চ) রেকর্ড গল্পে লেখকের স্ত্রীর বন্ধু আইভি টফি খাওয়ার পর কী করেছিলেন ? **1**

[ **22** ক - **22** চ প্রশ্নগুলির উত্তর সর্বাধিক **30** টি শব্দে লিখতে হবে। ]

**22.** (ক) চোট্টি মুণ্ডা এবং তার তীর গল্পে পূর্তি মুণ্ডা হিন্দুগ্রামে গিয়ে আমগাছের নীচে গিয়ে ঘুমোনোর ফলে কী হয়েছিল ? **2**

(খ) ভারতীয় সংস্কৃতির ধারা প্রবন্ধ অনুযায়ী আমাদের সংস্কৃতভিত্তিক সংস্কৃতি কীসের পূর্বে বস্তুজ্ঞান হারিয়েছিল ? **2**

(গ) শুধু ভাঙা নয় কবিতায় কার নাকে একটু ফুলের গন্ধ ধরার কথা বলা হয়েছে ? **2**

(ঘ) ছোঁওয়াছুঁয়ি মন্ত্রতন্ত্র নাটিকায় চাষ করা সম্বন্ধে প্রথম শোণপাংশু কী বলেছে ? **2**

(ঙ) লালু গল্পে লালুর বাবা লালুকে কী বলেছিলেন ? **2**

(চ) বঙ্গভূমির প্রতি কবিতায় বঙ্গজননীর কাছে কি মিনতি করেছেন ? **2**

[ **23** ক, **23** খ প্রশ্নদুটি ব্যাখ্যামূলক, **40-42** টি শব্দে উত্তর দিতে হবে।]

**23.** (ক) চোট্টি মুণ্ডা এবং তার তীর গল্পে তীর ছোঁড়ার প্রতিযোগিতা কী ভাবে হয় তা লিখুন। **3**

(খ) জন্মভূমি আজ কবিতায় 'তুমি ভয় পাওনি' জানানোর তাৎপর্য বুঝিয়ে দিন। **3**

**24.** লালু গল্পে মনোহর চাটুজ্জের বাড়িতে কালীপুজোর রাত্রে যে যে ঘটনা ঘটেছিল তা অনধিক 100 টি শব্দে লিখুন। **8**

**অথবা**

ভারতীয় সংস্কৃতির ধারা প্রবন্ধে ভারতীয় সংস্কৃতির মধ্যযুগীয় বৈশিষ্ট্যগুলি কীভাবে চিহ্নিত হয়েছে তা অনধিক 100 টি শব্দে লিখুন।

**25.** ওরা কাজ করে কবিতার মূলভাবটি অনধিক 100 টি শব্দে লিখুন। **8**

**অথবা**

শুধু ভাঙা নয় কবিতায় কবির যে মনোভাব প্রতিফলিত হয়েছে তা 100 টি শব্দের মধ্যে লিখুন।

**26.** অবাক জলপান নাটিকায় মামার চরিত্র যেভাবে ফুটে উঠেছে তা লিখুন। **6**

**27.** (ক) যে-কোনো 4 টি প্রবচনের সাহায্যে বাক্য রচনা করুন - **4**

ডুমুরের ফুল, সাপের পাঁচ পা দেখা, লালবাতি জ্বালা, হরি ঘোষের গোয়াল, সব শেয়ালের এক রা

(খ) যে-কোনো 4 টির প্রত্যয় নির্ণয় করুন - **4**

চালাকি, ভারতীয়, বাৎসরিক, পরিত্যক্ত, ঝুড়িওয়ালা

(গ) এক কথায় প্রকাশ করুন (যে-কোনো 4 টি) **4**

যা গ্রহণ করার উপযুক্ত নয়, যিনি বিশ্বকে জয় করেছেন, যা পান করার যোগ্য নয়, রথ চালনা করেন যিনি, মাছ বিক্রি করেন যে মহিলা

(ঘ) নীচের যে-কোনো 4 টি শব্দ কোন্ কোন্ ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে লিখুন - **4**

থাম, বন্দর, এজেন্ট, মৌসম, ফ্রাঁ, কামান

**28.** অনধিক 75 টি শব্দে ভাবসম্প্রসারণ করুন -- **5**

দরিদ্র, মূর্খ, অজ্ঞানী, কাতর ইহারাই তোমার দেবতা হউক, ইহাদের সেবাই পরম ধর্ম জানিবে।

**অথবা**

শুভ কর্মপথে ধর' নির্ভয় গান।
সব দুর্বল সংশয় হোক অবসান॥

**29.** একটি কুটির শিল্পমেলার অভিজ্ঞতার বর্ণনা দিয়ে বন্ধুকে চিঠি লিখুন। **5**

**অথবা**

আপনার এলাকায় বৃক্ষারোপণ অনুষ্ঠানের সূচনা করার জন্য কোনো বিশিষ্ট ব্যক্তিকে অনুরোধ জানিয়ে চিঠি লিখুন।

**30.** যে-কোনো একটি বিষয় অবলম্বনে অনধিক **120** টি শব্দে প্রবন্ধ লিখুন-- **8**

(ক) সন্ত্রাস নয়, শান্তি চাই

[ সন্ত্রাস মানবিকতার বিরোধী, ধর্মীয়, রাজনৈতিক, সাফিয়াচক্রের সন্ত্রাস, সন্ত্রাস মানুষের পশুশক্তির ফল, বিবেক বুদ্ধিহীন ক্রিয়াকলাপের ফল, পক্ষান্তরে মানুষ পারস্পরিক সম্প্রীতির বন্ধনে আবদ্ধ হয়ে শান্তিতে থাকতে চায়, এটাই মানুষের পরম কাম্য। ]

(খ) পশ্চিমবঙ্গে পাটশিল্পের ভবিষ্যৎ

[ পশ্চিমবঙ্গে পাট উৎপাদন, পাটের ব্যবহার, পাটকলগুলির অবস্থা, পাটচাষিদের অবস্থা, পাটশিল্পকে বাঁচানোর জন্য সরকারি ও বেসরকারি প্রয়াস। ]

(গ) আপনার প্রিয় শখ

[ শখ কী, কোন্ শখ আপনার প্রিয়, কেন তা প্রিয়, সেই শখের জন্যে আপনি কী কী করেন, তার ফল কী হয় ]

(ঘ) সমাজসেবায় যুবসমাজের দায়িত্ব

[ সমাজসেবা কী, সমাজসেবার প্রয়োজনীয়তা, যুবসমাজ অধিক শক্তিমান, বেশি পরিমাণে পরার্থপর, তারাই পারে সমাজসেবায় অগ্রণী হতে। ]

**- o O o -**